



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

নং-জাবি/রেজি/শিক্ষা/৪১০৪

তারিখঃ ১৩-১২-২০১৮

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩য় ধাপে ভর্তি সংক্রান্ত সংশোধিত সময়সূচি

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচন আগামী ৩০-১২-২০১৮ তারিখ অনুষ্ঠিত হওয়ায় ইতিপূর্বে প্রকাশিত এই অফিসের ০৮-১১-২০১৮ তারিখের জাবি/রেজি/শিক্ষা/৩০০(১২০) স্মারক সংখ্যক ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকার ১৪, ১৫, ১৬, ১৭, ১৮ ও ১৯ ক্রমিকের সময়সূচি নিম্নরূপভাবে সংশোধন করা হয়েছে। উক্ত সময়সূচি ও নির্দেশিকার অন্যান্য ক্রমিক এবং নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ক্রঃ	বিবরণ	সময়সূচি
১.	আসন শূন্য থাকা সাপেক্ষে ইউনিট কমিটি কর্তৃক ৩য় ধাপে মেধা তালিকা প্রকাশ।	০৩-০১-২০১৯ তারিখ
২.	৩য় ধাপে প্রকাশিত মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	০৬-০১-২০১৯ এবং ০৭-০১-২০১৯ তারিখ
৩.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন পর ৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের জন্য শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে। (ক) অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (খ) এস.এস.সি ও এইচ.এস.সি/সম্মান পরীক্ষার মূল সনদপত্র এবং মার্কশীট/গ্রেডশীট (গ) অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র (ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত সনদপত্র। প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত কপি প্রিন্টকৃত ভর্তির আবেদন ফরমের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও অনুষদের ডীন-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিলপূর্বক আসন শূন্য ধরে পরবর্তী মেধা তালিকা থেকে উক্ত শূন্য আসন পূরণ করা হবে।	০৮-০১-২০১৯ তারিখ (সকাল ৮.৩০ থেকে বিকেল ৪.০০ টা)
৪.	৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের পর আসন শূন্য থাকা সাপেক্ষে ইউনিট অফিসে সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র গ্রহণ করা হবে।	০৯-০১-২০১৯ তারিখ
৫.	শূন্য আসনে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	১০-০১-২০১৯ তারিখ
৬.	শূন্য আসনে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ৩ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে।	১৩-০১-২০১৯ তারিখ

স্বাক্ষর/-মোঃ আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি